

গেম প্রিয় মানুষের কথা চিন্তা করে গিগাবাইট বাংলাদেশের বাজারে নিয়ে এসেছে নতুন গেমিং মাদারবোর্ড। বহির্বিষয়ের সাথে তাল মিলিয়ে বাংলাদেশের বাজারে এসেছে গিগাবাইট নাইন সিরিজের এই নতুন মাদারবোর্ডগুলো। এক সংবাদ সম্মেলনের মাধ্যমে ২১ মে বাংলাদেশে পণ্যগুলোর মোড়ক উন্মোচন করেন গিগাবাইট টেকনোলজির দক্ষিণ এশিয়ার ব্যবস্থাপক এলান সু ও স্মার্ট টেকনোলজিসের বিক্রয় মহাব্যবস্থাপক জাফর আহমেদ।

অনুষ্ঠানে এলান সু বলেন, 'গিগাবাইট সবসময়ই সর্বাধুনিক প্রযুক্তির সাথে তাল মিলিয়ে পণ্য উৎপাদন করে থাকে। আমাদের নাইন সিরিজের মাদারবোর্ডগুলো ইন্টেলের ফোর্থ জেনারেশন প্রসেসর সমর্থন করে। এই মাদারবোর্ডগুলো বিভিন্ন পেশার কমপিউটার ব্যবহারকারীদের, বিশেষ করে হার্ডকোর গেমার এবং গ্রাফিক্স প্রফেশনালদের জন্য বিশেষ মাত্রা যোগ করবে। আমরা আশা করছি

# গিগাবাইটের নাইন সিরিজের নতুন ৪ মাদারবোর্ড দেশের বাজারে

তুসিন আহমেদ

## জেড৯৭ গেমিং ওয়াইফাই

ইন্টেল ৯ সিরিজের জেড৯৭ গেমিং ওয়াইফাই মাদারবোর্ডটিতে রয়েছে অসাধারণ সব ফিচার। চিপসেট জেড৯৭ এলজিএ ১১৫০ সার্কিটের। এটি ইন্টেল চতুর্থ ও পঞ্চম প্রজন্মের কোরের প্রসেসরগুলো সমর্থন করে। এতে রয়েছে ৮টি ইউএসবি ৩.০ পোর্ট ও ৮টি ইউএসবি ২.০ পোর্ট। ভালো সাউন্ডের জন্য রয়েছে ক্রিয়েটিভ সাউন্ড কোর

ও ২৫৬০ বাই ২১৬০ রেজুলেশন সমর্থন করবে। এতে রয়েছে হাই ডেফিনিশন সাউন্ড সিস্টেম। এছাড়া মাদারবোর্ডটিতে রয়েছে ইউএসবি ২ ও ইউএসবি ৩ কানেকশন সুবিধা।

## জেড৯৭ এক্স-ইউডি৫ এইচ ব্ল্যাক এডিশন

মাদারবোর্ডটি গিগাবাইট গেমিং সিরিজের মাদারবোর্ড। এর রয়েছে চমৎকার ডিজাইন। এতে আল্ট্রা ভিআরএম ডিজাইন যুক্ত করা



মাদারবোর্ডের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে তথ্যপ্রযুক্তি সাংবাদিকদের মাঝে গিগাবাইট টেকনোলজির দক্ষিণ এশিয়ার ব্যবস্থাপক এলান সু, স্মার্ট টেকনোলজিসের বিক্রয় মহাব্যবস্থাপক জাফর আহমেদ ও গিগাবাইট বাংলাদেশের সেলস অ্যান্ড মার্কেটিং ম্যানেজার খাজা মো: আনাস খান

আমাদের পূর্ববর্তী সিরিজের মাদারবোর্ডগুলোর মতো এই সিরিজের মাদারবোর্ডগুলোও বাজারে আলোড়ন সৃষ্টি করতে সমর্থ হবে।

অনুষ্ঠানে নতুন উন্মোচিত মাদারবোর্ডগুলোর উপর মূল প্রবন্ধ উপস্থাপন করেন গিগাবাইট বাংলাদেশের সেলস অ্যান্ড মার্কেটিং ম্যানেজার খাজা মো: আনাস খান। অনুষ্ঠানে গিগাবাইটের জেড৯৭ গেমিং ওয়াইফাই, জে৯৭এক্স-৫০ সি ফোর্স, জেড ৯৭এক্স-ইউডি৫এইচ ব্ল্যাক এডিশন এবং জেড৯৭এক্স-ইউডি৫এইচ মডেলের মাদারবোর্ড উন্মোচন করা হয়। মাদারবোর্ডগুলো ১৫ হাজার টাকা থেকে ৫৫ হাজার টাকার মধ্যে পাওয়া যাবে বলে জানানো হয়।

৯ সিরিজের পণ্যগুলো ৫০ হাজার ঘণ্টা ব্যাকআপ দেবে। মডেলগুলোতে যুক্ত করা হয়েছে নিত্যনতুন প্রযুক্তি। শুধু পণ্যের অধিক কার্যক্ষমতায় নয়, এগুলোর ডিজাইনেও আনা হয়েছে আকর্ষণীয় বৈচিত্র্য। ব্যবহারকারীরা এর মাধ্যমে উন্নত গ্রাফিক্স, সাউন্ড কোয়ালিটিসহ বেশি গতিতে কাজ সম্পন্ন করতে পারবেন। তিন বছরের বিক্রয়োত্তর সেবা রয়েছে এই মাদারবোর্ডগুলোতে। এই নিচে এ মাদারবোর্ডগুলো সম্পর্কে আলোচনা করা হলো।

প্রযুক্তি। ভিডিও আউটপুটের জন্য এইচডিএমআই, ডিভিআই-আই রয়েছে। পিসিআই-এর ডেডিকেটেড গ্রাফিক্স কার্ড। এতে রয়েছে চারটি ডিডিআর৩ র‍্যাম স্লট, যা একাধারে ২১৩৩, ১৮৬৬, ১৬০০, ১৩৩৩ ও ১০৬৬ মেগাহার্টজের মেমরি মডিউল সাপোর্ট করবে ৩২ গিগাবাইট পর্যন্ত।

## জে৯৭ এক্স-৫০ সি ফোর্স

জে৯৭ এক্স-৫০ সি ফোর্স মাদারবোর্ড গেমিংপ্রিয় ভক্তদের জন্য বিশেষভাবে তৈরি করা হয়েছে। এটি সাপোর্ট করবে চতুর্থ ও পঞ্চম প্রজন্মের ইন্টেল কোর প্রসেসর। মাদারবোর্ডটিতে রয়েছে সাটা এক্সপ্রেস সাপোর্ট, যা ১০ গিগাবাইট পর্যন্ত ডাটা ট্রান্সফার করতে সক্ষম। এতে রয়েছে চারটি ডিডিআর৩ র‍্যাম স্লট, যা একাধারে ২১৩৩, ১৮৬৬, ১৬০০, ১৩৩৩ ও ১০৬৬ মেগাহার্টজের মেমরি মডিউল সাপোর্ট করবে ৩২ গিগাবাইট পর্যন্ত। গ্রাফিক্সের জন্য ব্যবহার করা হয়েছে আধুনিক সব প্রযুক্তি। এতে রয়েছে একটি এইচডিএমআই পোর্ট, যেখানে সর্বোচ্চ ৪০৯৬ বাই ২১০০ রেজুলেশন

হয়েছে। এটি এলজিএ ১১৫০ সকেট সমৃদ্ধ, যেখানে ৮টি পিন কানেক্টর রয়েছে। এতে রয়েছে চারটি ডিডিআর৩ র‍্যাম স্লট, যা একাধারে ২১৩৩, ১৮৬৬, ১৬০০, ১৩৩৩ ও ১০৬৬ মেগাহার্টজের মেমরি মডিউল সাপোর্ট করবে ৩২ গিগাবাইট পর্যন্ত। মাদারবোর্ডটিতে রয়েছে সাটা এক্সপ্রেস সাপোর্ট, যা ৬ গিগাবাইট পর্যন্ত ডাটা ট্রান্সফার করতে সক্ষম। এছাড়া মাদারবোর্ডটিতে রয়েছে ইউএসবি ২ ও ৩ কানেকশন সুবিধা।

## জেড৯৭ এক্স-ইউডি৫ এইচ

মাদারবোর্ডটিতে চিপসেট হিসেবে ব্যবহার করা হয়েছে জেড৯৭ চিপসেট। এতে রয়েছে চারটি ডিডিআর৩ র‍্যাম স্লট, যা একাধারে ২১৩৩, ১৮৬৬, ১৬০০, ১৩৩৩ ও ১০৬৬ মেগাহার্টজের মেমরি মডিউল সাপোর্ট করবে ৩২ গিগাবাইট পর্যন্ত। এতে রয়েছে ডুয়াল চ্যানেল মেমরি অপশন। এটি এক্সএমপি মেমরি সাপোর্ট করবে। এতে রয়েছে চমৎকার সাউন্ড হাই ডেফিনিশন ডিভাইস ইউএসবি ২ ও ৩ ক্যামেরা সুবিধা। অপারেটিং সিস্টেম হিসেবে উইন্ডোজ ৮, ৭ ও ৮.১-এর ৩২ ও ৬৪ বিট সাপোর্ট করবে।